# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/

তারিখঃ 02/06/2020

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ০২/০৬/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৪:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) ছোট-খাট বিবাদ মিমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহন করা প্রসঙ্গে আলোচনা।
৩) করোনা ভাইরাসের মহামারীর কারনে স্বাস্থ্য নিরাপত্তার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
৪) বিবিধ।

02/06/2020

(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
ও
সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------
-------------------------------
সদস্য
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ 02/৬/2020ইং সময় ঃ বিকাল ০৪ ঘটিকায়

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামাল হোসেন শেখ | সভাপতি | |
| ০২ | এস এম মিজানুর রহমান | সদস্য | 02/৬/2020ইং |
| ০৩ | সালেহা বেগম | সদস্য | 02/06/2020 |
| ০৪ | রাবেয়া বেগম | সদস্য | 02/06/2020ইং |
| ০৫ | মোঃ কামাল হোসেন সরদার | সদস্য | 02/06/2020ইং |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ কামাল হোসেন শেখ, মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ০২/০৬/২০২০ ইং।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বিকাল ০৪:০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে)

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব এস এম মিজানুর রহমান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৪, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব সালেহা খানম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব মোঃ কামাল হোসেন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ কামাল হোসেন শেখ, মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | ছোট-খাট বিবাদ মিমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহন করা প্রসঙ্গে আলোচনা। | আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এবং ৪ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ কামাল হোসেন সরদার বলেন- আপনার ইতোমধ্যে জেনেছেন কোটালীপাড়া পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় গ্রীভেন্স রিড্রেস সেল (GRC) নামে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির শর্তানুযায়ী পৌরসভার সম্মুখে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। কোটালীপাড়া পৌরবাসির কোন অভিযোগ বা ছোট-খাট বিবাদ উক্ত অভিযোগ বক্সে দিলে কিমিটির পক্ষ থেকে বাদি বিবাদের উপস্থিতে সালিশের মাধ্যমে সমাধান করা হয়। তবে এসম্পর্কে জনগণকে আরো ভালভাবে জানাতে হবে এবং ছোট-খাট বিবাদ মিমাংসা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করা যায় সেবিষয়ে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব দেয়া প্রয়োজন। | **ছোট-খাট বিবাদ মিমাংসার জন্য সালিশের ব্যবস্থা গ্রহন এবং দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।** |
| | করোনা ভাইরাসের মহামারীর কারনে স্বাস্থ্য নিরাপত্তার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব নাসির উদ্দিন সরদার বলেন- বর্তমানে বিশ্বে নভেল করোনা ভাইরাস মহামারি আকার ধারণ করেছে। বিশ্বের ১৫০টিরও অধিক দেশে প্রভাব বিস্তার করেছে। সেই সূত্রে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশেও এই ভাইরাসের বিস্তার ঘটেছে। অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে যে- দেশে আক্রান্তের সংখ্যা ১ লক্ষ ছাড়িয়ে এবং মৃত্যুর সংখ্যা ১ হাজার অতিক্রম করেছে। তবে সস্তির কথা করোনা আক্রান্ত রোগী সুস্থ্য হয়েছেন ৫০ হাজারের বেশি। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই মহামারী থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। আর এ জন্য চাই সকলের সচেতনতা।<br>এ প্রসঙ্গে সম্মানীত মেয়র মহোদয় আরো বলেন- স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে হলে সকলে সম্মিলিত চেষ্টা এবং আন্তরিকত থাকা জরুরী। নভেল করোনা ভাইরাস নিয়ে অযথা আতঙ্কিত না হয়ে, এই করোনা ভাইরাস কি ভাবে ছড়ায় তা জানা এবং মানে চলা জরুরী- * হাঁচি-কাশির ফলে, বাতাসের মাধ্যমে, *আক্রান্ত | **করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং পরিস্থিতি বিবেচনায় আগামীতে প্রয়োজন অনুযায়ী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।** |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | ব্যক্তিকে স্পর্শ করলে, * করোনা ভাইরাস আছে এমন কিছু স্পর্শ করে হাত না ধুয়ে মুখে, নাকে বা চোখে স্পর্শ করলে, * পয়:নিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে ইত্যাতি। পাশাপশি করোনা ভাইরাসের লক্ষন যেমন - মাথাব্যথা, শুস্ক কাশি, গলা ব্যথা, পেশীতে ব্যথা, শ্বস কষ্ট, জ্বার ও ক্লান্তি বোধ দেখা দিয়ে বাড়ীর নিকটবর্তী যেকোন হাসপাতালে যত দ্রুত সম্ভব যেতে হবে। প্রয়োজনে হট লাইন নম্বর ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫ এ যোগাযোগ করতে হবে। এই মহামারী করোনা ভাইরাসেন লক্ষন দেখা দিলে অবশ্যই সকলের থেকে নিজেকে আলাদা রাখতে হবে।<br>করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধের বিষয়ে গুরুত্ব দিয়ে তিনি আরো বলেন- * জরুরী চিকিৎসা সেবা দরকার না হলে ঘরেই থাকুন, * বাড়িতে অন্যদের থেকে নিজেকে আলাদা রাখুন, নিজের ব্যবহার্য জিনিসপত্র আলাদা করে রাখুন, একটু পর পর ২০ সেকেন্ড ধরে সাবান বা জীবানুনাশক দিয়ে হাত ধুয়ে ফেলুন, * হাঁচি-কাশি দেওয়ার সময় রুমাল বা টিস্যু দিয়ে মুখ ঢেকে রাখুন, * সবসময় মাস্ক ব্যবহার করুন, * আপনার স্বাস্থ্য উপসর্গ নিয়মিত পর্যবেক্ষণ করুন, * যে কোন প্রাণী থেকে নিজেকে দূরে রাখুন, * ডাক্তারের কাছে যাওয়ার আগে তাকে জানিয়ে যান।<br>* যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুস্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>আসলে এভাবেই আমরা করোনা ভাইরাস থেকে দূরে থাকতে পারি। সকলকে ধন্যবাদ। | |
| ০৩ | বিবিধ | সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন | |

02/04/2020

(মো: কামাল হোসেন শেখ)
সভাপতি
আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব/জনাবা......................................... আইন শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক কমিটি।
৩। .........................................................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।